

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) কৃষকরত্ন শেখ হাসিনা হলের ক্যান্টিন গতকাল মঙ্গলবার সকাল থেকে সাত দিনের জন্য বর্জন করেছেন হলটির ছাত্রীরা। অস্বাস্থ্যকর খাবার পবিবেশন, ক্যান্টিন কর্মচারীদের অশোভন আচরণ ও প্রশাসনের উদাসীনতার অভিযোগে এই পদক্ষেপ নিয়েছেন বলে জানিয়েছেন ওই হলের ভুক্তভোগী ছাত্রীরা।

ছাত্রীরা জানান, ক্যান্টিনের খাবার অত্যন্ত নিম্নমানের। খাবার খেলে ফুড পয়জনিংসহ নানা রোগে ভুগতে হয়।

#### বিজ্ঞাপন

নাম প্রকাশে অনিচ্ছুক এক ছাত্রী জানান, ক্যান্টিনের খাবারের মান তো খারাপই সেই সঙ্গে কর্মচারী, ম্যানেজারের আচরণও খারাপ। কোনো সমস্যা নিয়ে তাঁদের সঙ্গে কথা বলতে গেলে বাজে আচরণ করেন তাঁরা।

হল প্রশাসনের সঙ্গে কথা হয়েছে কি না—এমন প্রশ্নের উত্তরে ভুক্তভোগী ওই ছাত্রীরা জানান, হল প্রভোস্টকে অনেকবার এই বিষয়ে জানিয়েছেন তাঁরা; কিন্তু কোনো কাজ হয়নি। বাধ্য হয়ে ক্যান্টিন বর্জনের ডাক দিয়েছেন তাঁরা।

এই বিষয়ে সংশ্লিষ্ট হলের এক সহকারী প্রভোস্টকে ফোন করা হলে তিনি কথা বলতে রাজি হননি।